

পড়ব বই, গড়ব দেশ  
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
পাঠকসেবা শাখা  
শাহবাগ, ঢাকা  
www.publiclibrary.gov.bd



স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.৪২.০০১.২০.২৯

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৬

০৫ মার্চ ২০২০

বিষয়: সেবার মান উন্নীতকরণ উপকমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : এ জে এম আব্দুলগ্যাহেল বাকী, পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

তারিখ ও সময় : ০১.০৩.২০২০ তারিখ বিকাল ৩.০০ টা।

স্থান : পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি) এর অফিসকক্ষ।

সভায় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা নিম্নরূপ :

নং	পদবী ও কর্মস্থল
১.	জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
২.	জনাব এ.এইচ.এম কামরুজ্জামান, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৩.	জনাব সোনিয়া চৌধুরী, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৪.	জনাব মোহাম্মদ অহিদুজ্জামান, সহকারী লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য-সচিবকে আলোচ্যসূচি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব আলোচ্যসূচি মোতাবেক সভার বিবেচ্য বিষয় সভায় উপস্থাপন করেন।

আলোচ্যসূচী-১ : গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের প্রাতিষ্ঠানিক গণশুনানী এবং সেবা গ্রহীতাদের নিয়ে পৃথকভাবে গণশুনানী আয়োজন।

আলোচনা : গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার পৃথকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে তাই প্রাতিষ্ঠানিক গণশুনানী এবং সেবা গ্রহীতাদের (stakeholder) সভাও পৃথকভাবে করা হচ্ছে।

সিদ্ধান্ত : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের প্রাতিষ্ঠানিক গণশুনানী এবং সেবা গ্রহীতাদের নিয়ে গণশুনানী পৃথকভাবে আয়োজন করায় সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

আলোচ্যসূচী-২ : গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের প্রাতিষ্ঠানিক গণশুনানী এবং সেবাগ্রহীতাদের নিয়ে সভা বিদ্যমান কমিটি কর্তৃক পৃথকভাবে আয়োজন করা।

আলোচনা : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের প্রাতিষ্ঠানিক গণশুনানী এবং সেবাগ্রহীতাদের নিয়ে সভা বিদ্যমান কমিটি কর্তৃক পৃথকভাবে আয়োজন করা হচ্ছে।

সিদ্ধান্ত : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গণশুনানী আয়োজনের নিমিত্ত গণগ্রন্থাগার অধিদপ্তর ও সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের প্রাতিষ্ঠানিক গণশুনানী এবং সেবাগ্রহিতাদের নিয়ে সভা বিদ্যমান কমিটি কর্তৃক পৃথকভাবে আয়োজন করায় সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

আলোচ্যসূচী-৩ : অভিযোগবক্স নিয়মিত খোলা ও অভিযোগ প্রতিকারের ব্যবস্থা করা।

আলোচনা : ০১/০২/২০২০ তারিখ অভিযোগবক্স খোলা হয়। কোনো অভিযোগ পাওয়া যায়নি।

সিদ্ধান্ত : অভিযোগবক্স প্রতিমাসের প্রথম সপ্তাহে খুলতে হবে এবং অভিযোগ প্রতিকারের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। অভিযোগ বেনামী হলেও যদি বাস্তব ও সেবা সংশ্লিষ্ট হয় তাহলে তা আমলে নিতে হবে। অনলাইন অভিযোগবক্সও নিয়মিত দেখতে হবে এবং অভিযোগ প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



৫-৩-২০২০

এ জে এম আব্দুলগ্যাহেল বাকী  
পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ৯৬১৫৬৪৭

ইমেইল: ajmbaki9@yahoo.com


লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক  
পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা  
গণগ্রন্থাগার অধিদপ্তর

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.৪২.০০১.২০.২৯/১(৩)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৬  
০৫ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) লাইব্রেরিয়ান, পাঠকসেবা (বিকাল), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) সহকারী লাইব্রেরিয়ান, পাঠকসেবা শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



৫-৩-২০২০

এ এইচ এম কামরুজ্জামান  
লাইব্রেরিয়ান